অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/1/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

অক্টোবর মাসকে নিউ ইয়র্ক স্টেটে ঘরোয়া সহিংসতা সম্পর্কে সচেতনতার মাস হিসেবে গভর্নর হোচুলের ঘোষণা এবং বেঁচে যাওয়া মানুষদের সাহায্য করতে সাহসী, উদ্ভাবনমূলক উদ্যোগ চালু

গভর্নর ঘরোয়া সহিংসতার শিকার হয়ে বেঁচে ফিরে আসা ব্যক্তিদের আরো ভালোভাবে সহায়তা করতে এবং প্রতিরোধমূলক উদ্যোগে সাহায্য করতে স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তর (Office of Children and Family Services) কর্তৃক বরাদ্দ করা 6.5 মিলিয়ন ডলারের তহবিল ঘোষণা করেছেন

স্টেটের ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তর (Office for the Prevention of Domestic Violence) ঘরোয়া সহিংসতা ও প্রযুক্তি বিষয়ে জনসচেতনতামূলক ক্যাম্পেইন চালু করেছে, শীর্ষ বিশেষজ্ঞদের সাথে আসন্ন প্যানেল আলোচনা আয়োজন করবে

গভর্নর হোচুল আজ সন্ধ্যা থেকে ঘরোয়া সহিংসতা সম্পর্কে সচেতনতার মাস শুরু হওয়া চিহ্নিত করতে স্টেটের ল্যান্ডমার্কগুলো বেগুনি আলোয় সজ্জিত করার নির্দেশ দিয়েছেন

গভর্নর ক্যাথি হোচুল আজ অক্টোবর মাসকে ঘরোয়া সহিংসতা সম্পর্কে সচেতনতার মাস হিসেবে ঘোষণা করেছেন এবং 6.5 মিলিয়ন ডলারের একটি তহবিল বরাদ্দের ঘোষণা দিয়েছেন যা আশ্রয়কেন্দ্র-ভিত্তিক পরিষেবাসমূহের উপর নির্ভরতার পরিবর্তে, ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের ও তাদের পরিবারের সাহায্য ও সহায়তা পাওয়ার ব্যবস্থা করতে স্টেটের-লাইসেন্সপ্রাপ্ত পরিষেবা প্রদানকারীদের সুযোগ করে দিবে, এবং প্রতিরোধমূলক কর্মসূচিও বৃদ্ধি করবে। এছাড়াও গভর্নর হোচুল ভুক্তভোগীদের জন্য প্রযুক্তি নিরাপত্তা ও উদ্ভাবন (Technology Safety and Innovation for Survivors) নামক একটি নতুন জনসচেতনতামূলক ক্যাম্পেইনের কথা তুলে ধরেন, যেটি স্টেটের ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তর (OPDV) কর্তৃক সমন্বয় করা হবে এবং নিপীড়নের ক্ষেত্রে প্রযুক্তির ভূমিকার বিষয়ে আলোকপাত করবে।

"আমার মা যখন ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের পক্ষে আওয়াজ তুলতেন তখনকার সময় থেকে আমরা অনেকটা পথ এগিয়ে এসেছি, কিন্তু বহু মানুষকে সহ্য করতে হওয়া নিপীড়ন ও ভোগান্তির ইতি টানার আমাদের মিশন এখনো শেষ হয়নি," **বলেছেন গভর্নর হোচুল**। "আমাদের সিস্টেমকে অবশ্যই বিবর্তিত হতে হবে এবং ভুক্তভোগী ও পরিবারগুলো যেখানেই

থাকুক না কেন তাদের চাহিদা পূরণের জন্য আমাদের অবশ্যই উদ্ভাবনী সমাধান প্রদান করা চালিয়ে যেতে হবে।"

স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তরের বরাদ্দ করা এই 6.5 মিলিয়ন ডলার দুইটি উদ্যোগকে সহায়তা করবে:

- ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের জন্য আবাসনের ব্যবস্থা করতে স্টেটব্যাপী 79টি পরিষেবা প্রদানকারীর জন্য 4.8 মিলিয়ন ডলার।
- ঘরোয়া সহিংসতা প্রতিরোধমূলক কর্মসূচি প্রদানকারী পাঁচটি অলাভজনক সংস্থার জন্য 1.7 মিলিয়ন ডলার। নিচের প্রতিটি কর্মসূচি 342,380 ডলার পাবে: ইস্ট হ্যাম্পটনে রিট্রিট ইনক. (Retreat, Inc.), নিউ ইয়র্ক সিটি গে ও লেসবিয়ান সহিংসতা-বিরোধী প্রকল্প (New York City Gay and Lesbian Anti-Violence Project), ইউনিটি হাউজ অব ট্রয় (Unity House of Troy), সিরাকিউসে ভেরা হাউজ (Vera House) এবং এরি কাউন্টিতে পারিবারিক ন্যায়বিচার কেন্দ্র (Family Justice Center)।

এছাড়াও গভর্নর হোচুল আজ রাতে ঘরোয়া সহিংসতা সম্পর্কে সচেতনতার মাস শুরু হওয়া চিহ্নিত করতে স্টেটের নিম্নলিখিত ল্যান্ডমার্কগুলো বেগুনি আলোয় সজ্জিত করার নির্দেশ দিয়েছেন।

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট (Grand Central Terminal - Pershing Square Viaduct)
- MTA LIRR – পেন স্টেশনে ইস্ট এন্ড গেটওয়ে (MTA LIRR - East End Gateway at Penn Station)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Governor Mario M. Cuomo Bridge
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- "ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট" মিড-হাডসন ব্রিজ (The "Franklin D. Roosevelt" Mid-Hudson Bridge
- এইচ. কার্ল ম্যাককল স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (SUNY) ভবন
- স্টেট এডুকেশন বিল্ডিং (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- অ্যালবানি ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স (The Lake Placid Olympic Jumping Complex)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডসের প্রধান গেট এবং এক্সপো সেন্টার (The Main Gate and Expo Center at the State Fairgrounds)
- নায়াগ্রা ফলস (Niagara Falls)

OPDV-এর নতুন সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন ঘরোয়া সহিংসতার সাথে প্রযুক্তির সম্পর্কের উপর আলোকপাত করবে এবং প্রযুক্তির সাহায্য নিয়ে হওয়া নিপীড়নের ধরনগুলো সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেবে। যদিও প্রযুক্তি ভুক্তভোগীদের তথ্য, নিরাপত্তা পরিকল্পনায় অ্যাক্সেস দিয়ে থাকে, এবং তাদেরকে সাপোর্ট সিস্টেমের সাথে সংযুক্ত হওয়ার সুযোগ করে দেয়, নিপীড়নকারী সঙ্গী তাদের সঙ্গীদের আরো ক্ষতি করার জন্য এটিকে ব্যবহার করে থাকে। **এই ক্যাম্পেইনের পাশাপাশি সংস্থাটি প্রযুক্তির সাহায্য নিয়ে হওয়া নিপীড়নের সাথে সম্পর্কিত উদীয়মান ঝুঁকিসমূহ সম্পর্কে, সেইসাথে ভুক্তভোগীদের সাহায্য করার জন্য মোবাইলে পরামর্শ প্রদান এবং অন্যান্য উদ্ভাবন সম্পর্কে আলোচনার উদ্দেশ্যে টুইটারে** (Twitter) (@NYSOPDV), **ফেসবুক** (Facebook) (@NYSdomesticviolence) **ও ইনস্টাগ্রামে** (Instagram) (@nysopdv)ফেসবুক, অ্যাপল (Apple), নর্টন লাইফ-লক (Norton LifeLock) এর প্রতিনিধিদের উপস্থিতিতে ও একাডেমিক বিশেষজ্ঞদের সাথে নিয়ে একটি প্যানেল আলোচনার আয়োজন করবে।

বুধবার, 20 অক্টোবরে সময়সূচি নির্ধারিত থাকা "লিঙ্গ-ভিত্তিক সহিংসতার প্রসঙ্গে প্রযুক্তিগত উদ্ভাবন ও নিরাপত্তার মধ্যে ভারসাম্য রক্ষা" শীর্ষক এই আলোচনা পরিষেবা সরবরাহকারী, পরামর্শদাতা ও ভুক্তভোগীদের সহায়তা বিষয়ক পেশাজীবীদের জন্য প্রস্তুত করা হয়েছে। এই মাসের শেষ দিকে, OPDV ভুক্তভোগী ও পরামর্শদাতাদের প্রযুক্তির সাহায্য নিয়ে হওয়া নিপীড়নের বিষয়টি বুঝতে সাহায্য করতে এবং ডিজিটাল বিশ্বে গোপনীয়তা ও নিরাপত্তা রক্ষার্থে সুনির্দিষ্ট টুলস ও পদক্ষেপ সরবরাহ করতে একটি নতুন প্রকাশনাও প্রকাশ করবে। এছাড়াও সংস্থাটি এর নতুন ওয়েবসাইট চালু করেছে।

শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তরের কমিশনার শেইলা জে. পুলি বলেন, "ঘরোয়া সহিংসতার ভুক্তভোগীদের নিরাপদ আবাসন লাভের জন্য সংস্থান প্রদান করার মাধ্যমে তাদের সুনির্দিষ্ট চাহিদা পূরণ করতে অর্থায়ন করার জন্য সেবা প্রদানকারীদের সুযোগ করে দেয়া এই ফেডারেল তহবিলের জন্য অর্থ বরাদ্দ করতে পেতে আমাদের সংস্থা গর্বিত বোধ করছে। আমরা জানি যে পরিবারগুলোকে সহায়তা ও সংস্থানসমূহ সরবরাহ করাটা ঘরোয়া সহিংসতা প্রতিরোধ করার প্রচেষ্টার ভিত্তিস্বরূপ।"

ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের এক্সিকিউটিভ ডিরেক্টর কেলি ওয়েন্স বলেন, "ঘরোয়া সহিংসতা সম্পর্কে সচেতনতার মাস ভুক্তভোগী ও বেঁচে ফিরে আসা মানুষদের সারা বছরব্যাপী সহ্য করে যাওয়া একটি বাস্তবতার উপর আলোকপাত করে এবং তাদেরকে জানিয়ে দেয় যে তারা একা নন। ভুক্তভোগী ও বেঁচে ফিরে আসা মানুষেরা কিভাবে নিপীড়নের শিকার হন সে ব্যাপারে, এবং তারা কিভাবে ঘরোয়া সহিংসতা সংক্রান্ত পরিষেবাগুলো অ্যাক্সেস করেন সে বিষয়ে প্রযুক্তি এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এই অক্টোবরে আমরা স্টেটব্যাপী বেঁচে ফিরে আসা মানুষদের কাছে পরিষেবা পৌঁছে দেয়ার পদ্ধতি রূপান্তর ও আপডেট করার ক্ষেত্রে প্রযুক্তির গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করতে যাচ্ছি। এই গুরুত্বপূর্ণ বিষয়ে গভর্নর হোচুলের দীর্ঘদিনের অঙ্গীকার ও নেতৃত্বের জন্য আমরা তার প্রতি চিরকৃতজ্ঞ।"

অফিস অব ভিক্টিম সার্ভিসেস (Office of Victim Services) এর ডিরেক্টর এলিজাবেথ ক্রোনিন বলেন, "অপরাধের ভুক্তভোগীরা যাতে তাদের প্রয়োজনীয় সহায়তা পান তা নিশ্চিত করতে এবং ঘরোয়া সহিংসতা থেকে বেঁচে ফিরে আসা মানুষেরা যাতে নিরাপত্তা খুঁজে পাওয়া ও প্রতিষ্ঠা লাভের জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ পান তা নিশ্চিত করতে OVS-এ আমাদের করা কাজ নিয়ে আমরা অত্যন্ত গর্বিত। অপরাধের সকল ভুক্তভোগী ও বেঁচে ফিরে আসা মানুষদের এবং তাদের পরিবারের পক্ষ থেকে আমি আমার স্টেট সংস্থার সহকর্মীদেরকে তাদের কাজের জন্য এবং গভর্নর হোচুলকে তার শক্তিশালী নেতৃত্ব ও পক্ষাবলম্বনের জন্য সাধুবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের ঘরোয়া ও যৌন সহিংসতা বিষয়ক হটলাইন 27/7 খোলা থাকে: 800-942-6906 (ফোন), 844-997-2121 (টেক্সট) অথবা @opdv.ny.gov (চ্যাট)। গত বছর, স্টেট ও স্থানীয় পর্যায়ের হটলাইনগুলো সহায়তার জন্য 252,535টি কল পেয়েছে।

এছাড়াও অফিস অব ভিক্টিম সার্ভিসেস 212টিরও বেশি কমিউনিটি-ভিত্তিক কর্মসূচির জন্য অর্থায়ন করে থাকে যা অপরাধের ভুক্তভোগী ও তাদের পরিবারের জন্য সরাসরি সেবা প্রদান করে থাকে। এছাড়াও এই কর্মসূচিসমূহ অপরাধের শিকার যেকোনো ভুক্তভোগীকে সংস্থার কাছ থেকে ক্ষতিপূরণ ও অন্যান্য সহায়তা পাওয়ার জন্য আবেদন করতে সাহায্য করে, যা অন্য কোনো সংস্থান নেই এমন ব্যক্তিদের জন্য একটি নিরাপত্তা জাল হিসেবে কাজ করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন